উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

স্মারক নং: ৪৬.১০.০৯২১.০০০.৯৯.০০২.২১-৫৩ তারিখ: ০৮ ডিসেম্বর, ২০২১

## সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির** সভা আগামী **১৫ ডিসেম্বর, ২০২১** খ্রি. তারিখ রোজ: **বুধবার** সকাল ১০:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**আলোচ্যসূচি:**
ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী সম্পর্কে পর্যালোচনা;
খ. সংশ্লিষ্ট বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা;
গ. বিবিধ।

০৮/১২/২১
(মো. রাসেল)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ
আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।

**বিতরণ:**
১. উপজেলা ........................................ কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
২. চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা।
৩. অফিস কপি/ মাস্টার ফাইল (সংরক্ষণার্থে)।

উপজেলা পরিষদ কার্যালয়
**বোরহানউদ্দিন, ভোলা।**
(borhanuddin.bhola.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মো. রাসেল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। |
| সভার তারিখ | : ১৫ ডিসেম্বর, ২০২১ খ্রি. |
| সভার সময় | : সকাল ১০:০০ ঘটিকা, রোজ: বুধবার |
| সভার স্থান | : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

**আলোচনা:**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সদস্য সচিবকে অদ্যকার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২১-২২ অর্থবছরের অত্র উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্প বাছাই নিয়ে আলোচনার উদ্দ্যেশ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। অদ্যকার সভায় উন্নয়ন প্রকল্প গ্রহনের বিষয়ে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম ও ২য় কিস্তিতে (২৯.৮৬+২৯.৮৬)= ৫৯.৭২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং ২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব খাত হতে ২০২১-২২ অর্থবছরের নিজস্ব উন্নয়ন তহবিলে ৮২,৫১,৭৯৩/- (বিরাশি লক্ষ একান্ন হাজার সাতশত তিরানব্বই) টাকা স্থানান্তর করা হয়েছে। তদুপরি এডিপি থেকে আরও দুইটি কিস্তিতে ৫৯.৭২ (উনষাট লক্ষ বাহাত্তর হাজার) টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। করোনা মোকাবেলায় ১ম কিস্তিতে ৫,২৬,০০০/- (পাঁচ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান, স্থানীয় সরকার বিভাগ থেকে ১০% অতিরিক্ত স্কিম নেয়ার নির্দেশনা রয়েছে।

উপজেলা প্রকৌশলী ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের লক্ষ্যে সভায় পেশ করেন। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। উন্নয়ন বরাদ্দ ব্যবহার নির্দেশনায় উন্নয়ন কার্য দৃশ্যমান করার নির্দেশনা রয়েছে এবং দৃশ্যমান প্রকল্প গ্রহণের ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, এডিপির অনুমোদিত খাতওয়ারী বিভাজন অনুযায়ী প্রকল্প গ্রহণের সুপারিশ করেন। সভায় উপজেলা প্রকৌশলী উন্নয়ন প্রকল্প জরিপ, তদারকি, পরিচালন ব্যয়, পেপার বিল-সহ দরপত্র মূল্যয়ন কমিটির সম্মানী ভাতা প্রদানের জন্য বরাদ্দ রাখার ব্যাপারে উপজেলা পরিষদ ম্যানুয়াল ও পিপিআর ২০০৮ এ নির্দেশনা রয়েছে। সভাপতির নির্দেশনা মোতাবেক বরাদ্দ রাখার প্রস্তাব সমর্থন করেন। সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উপজেলা পরিষদ জামে মসজিদের টয়লেট ও অজুখানা নির্মাণের প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং জনস্বাস্থ্য খাতে নতুন টয়লেট ও অজুখানা নির্মাণের প্রস্তাব করেন। সভাপতি উক্ত প্রস্তাব সমর্থন করেন।

বোরহানউদ্দিন অফিসার্স ক্লাব বহুদিন যাবৎ মেরামতের অভাবে জরাজীর্ন হয়ে পড়েছে। উপজেলা প্রকৌশলী ক্লাবের মেরামতের স্কিম রাখার সুপারিশ করেন। সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, বোরহানউদ্দিন উপজেলার বিভিন্ন রাস্তায় কিছু গুরুত্বপূর্ণ স্থানে কালর্ভাট ভেঙ্গে চলাচল ব্যহত হচ্ছে। তিনি কালর্ভাট মেরামতের বরাদ্দ রাখার সুপারিশ করেন। তাছাড়া উপজেলা পরিষদের পানি নিষ্কাশনের ড্রেন ব্যবহার উপযোগী রাখার ব্যাপারে স্কিম অনুমোদনের সুপারিশ করেন।

সভায় সরকারি নির্দেশনা মোতাবেক নারী উন্নয়ন ফোরামের অনুকূলে মোট থোক বরাদ্দ থেকে ৩.০০ (তিন) লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য সভাপতি কর্তৃক অনুমোদিত হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নের সাধারণ জনগণ জনস্বার্থে বিভিন্ন রাস্তা নির্মাণ/ পুনর্নির্মাণ/ মেরামত, ঘাটলা এবং গভীর নলকূপ স্থাপনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের মাধ্যমে মাননীয় সংসদ সদস্য, ১১৬, ভোলা-২ জনাব আলী আজম মুকুল মহোদয়ের নিকট আবেদন করলে তিনি

২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদের তহবিল ব্যবহার করে প্রকল্পসমূহ বাস্তবায়নের সুপারিশ করেন (প্রকল্প তালিকা সংযুক্ত-ক)।

**সিদ্ধান্ত**

১। বিস্তারিত আলোচনান্ত ২০২১-২২ অর্থবছরে সর্বমোট ২৪০.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৩৬টি প্রকল্প বাস্তবায়নের জন্য এডিপি প্রকল্প বাছাই কমিটির সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়;

২। মোট প্রকল্পের প্রাক্কলিত বরাদ্দের ১০% অতিরিক্ত প্রকল্প অনুমোদন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। অনুমোদিত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে পিপিআর ২০০৮ অনুযায়ী ইজিপি সীমিত দরপত্র (এলটিএম) পদ্ধতি, আরএফকিউ, পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

৪। উন্নয়ন প্রকল্পের জরিপ ও তদারকি বাবদ ১% এবং আনুষাঙ্গিক ০.৫% ব্যয় এডিপি খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়;

৫। টেন্ডার নোটিশের বিজ্ঞাপন বিল উন্নয়ন খাত হতে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১২/২১

(মো. রাসেল)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয়
সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।

**অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা**

সভার তারিখ: ২৫/১২/২০২১ সময়: সকাল ১০:০০ ঘটিকা

(নামের তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র. নং | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মো. রাসেল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | ~~0171247777~~ 01712774434 | |
| ২ | চেয়ারম্যান, ১নং গংগাপুর ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01726501257 | |
| ৩ | চেয়ারম্যান, ৬নং হাসাননগর ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01713242246 | |
| ৪ | চেয়ারম্যান, ৮নং পক্ষিয়া ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01711319712 | |
| ৫ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), বোরহানউদ্দিন, ভোলা। | 01713869030 | |

উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

স্মারক নং: ৪৬.১০.০৯২১.০০০.৯৯.০০২.২১- ৬৭ তারিখ:০৯ ফেব্রুয়ারি, ২০২২

## সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির** সভা আগামী **১৫ ফেব্রুয়ারি, ২০২২** খ্রি. তারিখ রোজ: মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

**আলোচ্যসূচি:**
ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী সম্পর্কে পর্যালোচনা;
খ. সংশ্লিষ্ট বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা;
গ. বিবিধ।

০৯/০২/২২
(মো. রাসেল)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ
আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।

**বিতরণ:**
১. উপজেলা .................................................. কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
২. চেয়ারম্যান, .................................................. ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা।
৩. অফিস কপি/ মাস্টার ফাইল (সংরক্ষণার্থে)।

উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মো. রাসেল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। |
| সভার তারিখ | : ১৫ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. |
| সভার সময় | : সকাল ১০:০০ ঘটিকা, রোজ: মঙ্গলবার |
| সভার স্থান | : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিব-কে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনোরূপ পরিবর্তন/পরিবর্ধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায়, বোরহানউদ্দিন উপজেলা প্রকৌশলীর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির স্কিম সমূহের টেন্ডার (১৩ গ্রুপ) চলমান রয়েছে। অবিলম্বে স্কিমসমূহ বাস্তবায়ন শুরু হবে মর্মে উপজেলা প্রকৌশলী সকল ইউনিয়ন চেয়ারম্যানকে কাজ সুষ্ঠু বাস্তবায়নে সহযোগিতার জন্য অনুরোধ করেন।<br><br>তিনি আরও জানান, গত ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর প্রকল্প বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী "জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তা নির্মাণ" প্রকল্পটি নিজস্ব উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয়। পরবর্তীতে উক্ত প্রকল্পটি গত ২০ ডিসেম্বর ২০২১ তারিখ উপজেলা পরিষদ মাসিক সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। অনুমোদিত জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় সামনের রাস্তা নির্মাণ প্রকল্পটির পরিবর্তে **'কুতুবা ৩নং ওয়ার্ড হায়দার আলী মিয়া বাড়ির রাস্তা নির্মাণ'** প্রকল্পটি সভায় অনুমোদন প্রয়োজন। | ক. ২০২১-২০২২ অর্থবছরে নিজস্ব তহবিল এর আওতায় বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত '"জনস্বার্থে ১৩নং মানিকা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় সামনের রাস্তা নির্মাণ" প্রকল্পটির পরিবর্তে **'কুতুবা ৩নং ওয়ার্ড হায়দার আলী মিয়া বাড়ির রাস্তা নির্মাণ'** প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>(খ) উপজেলা প্রকৌশলীর সুপারিশের আলোকে ৫০৯২১২০০৭ আইডিভুক্ত খায়েরহাট জয়ারহাট বোরহানউদ্দিন রানীগঞ্জ বাংলাবাজার রাস্তার ১২৪১০ মিটার চেইনেজে অবস্থিত ১৩.৫ মিটার আইরন ব্রিজটি উপজেলা পরিষদে গৃহীত হলো এবং বিধি মোতাবেক নিলামকরণের জন্য উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটিকে দায়িত্ব প্রদান করা হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরও জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবান করার কারণে ৫০৯২১২০০৭ আইডিভূক্ত খায়েরহাট জয়ারহাট বোরহানউদ্দিন রানীগঞ্জ বাংলাবাজার রাস্তার ১২৪১০ মিটার চেইনেজে অবস্থিত ১৩.৫ মিটার আইরন ব্রিজ উপজেলা পরিষদে হস্তান্তর ও নিলাম করা প্রয়োজন। | | |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০২/২২

(মো. রাসেল)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয়
সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি
বোরহানউদ্দিন, ভোলা।

### অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

সভার তারিখ: ১৫/০২/২০২২ সময়: সকাল ১০:০০ ঘটিকা

(নামের তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র. নং | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মো. রাসেল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | ~~01712[illegible]~~ 01712774434 | |
| ২ | চেয়ারম্যান, ১নং গংগাপুর ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01726501257 | |
| ৩ | চেয়ারম্যান, ৬নং হাসাননগর ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01713242246 | |
| ৪ | চেয়ারম্যান, ৮নং পক্ষিয়া ইউনিয়ন পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা। | 01711319712 | |
| ৫ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), বোরহানউদ্দিন, ভোলা। | 01713869030 | |